

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭ (অংশ).১৫৮

তারিখঃ ২৮ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

পরিপত্র


বিষয়ঃ পাসপোর্টে প্রদত্ত তথ্য সংশোধনপূর্বক দেশে ও বিদেশে পাসপোর্ট রি-ইস্যু এর আবেদনসমূহ নিষ্পত্তিকরণ।

তথ্য সংশোধনপূর্বক দেশে ও বিদেশে পাসপোর্ট রি-ইস্যু এর আবেদনসমূহ নিষ্পত্তি সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপঃ

বাংলাদেশের অভ্যন্তরে এবং বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্টের মধ্যে তথ্যের গরমিল হলে জাতীয় পরিচয়পত্রে প্রদত্ত তথ্য (নাম, পিতা-মাতার নাম, বয়স ইত্যাদি) অনুযায়ী পাসপোর্ট রি-ইস্যু করতে হবে। তবে, অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/জেডিসি/এসএসসি/দাখিল/কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর যে কোন একটি সনদপত্র বিবেচনা করা যেতে পারে। সংশোধনের ক্ষেত্রে লিখিত আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে অধিদপ্তরের ওয়েবসাইট/সংশ্লিষ্ট পাসপোর্ট অফিসে প্রদর্শিত নমুনা অনুযায়ী আবেদনকারীকে একটি অঙ্গীকারনামা যথাযথভাবে পূরণ ও স্বাক্ষরপূর্বক দাখিল করতে হবে।

০২। সুরক্ষা সেবা বিভাগ হতে ২৮/০৪/২০২১, ০৯/১২/২০২১ এবং ০৩/১১/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত এতদসংক্রান্ত পরিপত্রসমূহ এতদ্বারা বাতিল করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোঃ খায়রুল আলম সেখ
অতিরিক্ত সচিব
ফোন-২২৩৩৫৩৩০৪

[Email:wc.si@ssd.gov.bd](mailto:wc.si@ssd.gov.bd)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মাননীয় মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
০২. মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
০৩. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৬. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
০৭. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
০৮. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৯. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা
১২. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা
১৩. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম-মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা

১৪. প্রকল্প পরিচালক, “ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন” প্রকল্প, আগারগাঁও, ঢাকা
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১৬. সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১৭. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১৮. অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

অঞ্জীকারনামা

(পাসপোর্ট এর তথ্য পরিবর্তন/সংশোধন সংক্রান্ত)

আমি..... পিতা:..... মাতা:..... ঠিকানা:.....
পেশা:..... ধর্ম:..... জাতীয়তা: বাংলাদেশী, জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন
নম্বর (অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে).....এই মর্মে অঞ্জীকার করিতেছি যে, আমার পাসপোর্ট
নম্বর..... ইস্যুর তারিখ.....এ আবেদনের সময় আমার নিজ নাম/পিতার
নাম/মাতার নাম/জন্ম তারিখ ভুল লিপিবদ্ধ করা হইয়াছে। প্রকৃতপক্ষে আমার জাতীয় পরিচয়পত্র/জন্ম
সনদ (অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে) অনুযায়ী আমার নিজ নাম/পিতার নাম/মাতার নাম/জন্ম তারিখ এবং
পাসপোর্টে উল্লিখিত নিজ নাম/পিতার নাম/মাতার নাম/জন্ম তারিখ নিম্নরূপঃ

বর্তমান পাসপোর্টে প্রদর্শিত ভুল তথ্য	জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ অনুযায়ী প্রকৃত তথ্য
নাম:	নাম:
পিতার নাম:	পিতার নাম:
মাতার নাম:	মাতার নাম:
জন্ম তারিখ:	জন্ম তারিখ:

উপর্যুক্ত অঞ্জীকারনামার যাবতীয় তথ্য সঠিক। ইহার কোন অংশ মিথ্যা নহে। আমি কোন তথ্য
গোপন করি নাই। কোন মিথ্যা তথ্য দিয়া থাকিলে এই পরিবর্তন/ সংশোধনজনিত কারণে ভবিষ্যতে
কোন প্রকার আইনগত জটিলতা হইলে আমি দায়ী থাকিব।

আমি স্বেচ্ছায় ও স্বজ্ঞানে উপর্যুক্ত অঞ্জীকারনামার যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া স্বাক্ষর
প্রদান করিলাম।

স্বাক্ষর/অভিভাবকের স্বাক্ষর (আবেদনকারী অপ্রাপ্ত বয়স্ক হইলে)